

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬২২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫১. জ্ঞানের আলাপ-আলোচনা

بَابُ مُذَاكَرَةِ الْعِلْم

## আরবী

أَخْبَرَنَا إِسْمَعِيلُ بْنُ أَبَانَ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ اللَّهِ الْقُمِّيُّ حَدَّثَنَا جَعْفَرُ بْنُ أَبِي الْمُغِيرَةِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ تَذَاكَرُوا هَذَا الْحَدِيثَ لَا يَنْفَلِتْ مِنْكُمْ فَإِنَّهُ لَيْسَ مِثْلَ الْقُرْآنِ مَجْمُوعٌ مَحْفُوظٌ وَإِنَّكُمْ إِنْ لَمْ تَذَاكَرُوا هَذَا الْحَدِيثَ يَنْفَلِتْ مِنْكُمْ وَلَا يَقُولَنَّ مِثْلُ الْقُرْآنِ مَجْمُوعٌ مَحْفُوظٌ وَإِنَّكُمْ إِنْ لَمْ تَذَاكَرُوا هَذَا الْحَدِيثَ يَنْفَلِتْ مِنْكُمْ وَلَا يَقُولَنَّ مَثْكُمْ حَدَّثُ الْيَوْمَ وَلَا يَقُولَنَّ عَدًا الْحَدِيثَ الْيَوْمَ وَلْتُحَدِّثْ غَدًا رَجَالُه ثقات

## বাংলা

৬২২. সাঈদ ইবনু যুবাইর ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণনা করেন, তিনি বলেন: তোমরা এ হাদীস পরস্পর আলাপ-আলোচনা কর, আমি তোমাদেরকে ছেড়ে চলে যাব না। কেনন, এটি (হাদীস) কুরআনের মতো একত্রিতভাবে সংরক্ষিত নয়।[1] ফলে তোমরা যদি এ হাদীস নিয়ে পরস্পর আলাপ-আলোচনা না কর, তবে তা তোমাদের থেকে চলে যাবে। তোমাদের কেউ যেন একথা না বলে যে, গতকালই তো আমি তোমাদের নিকট হাদীস বর্ণনা করেছি, তাই আজকে আমি আর হাদীস বর্ণনা করব না। বরং তুমি গতকাল হাদীস বর্ণনা করেছো, যেন আজকেও বর্ণনা করো এবং আগামীকালও বর্ণনা করো।[2]

## ফুটনোট

- [1] আল মুহাদ্দিসুল ফাসিল এ রয়েছে: তা কুরআনের (সম)মর্যাদার নয়। কারণ কুরআন একত্রিতভাবে সংরক্ষিত।
- [2] তাহক্বীক্ব: এর রাবীগণ নির্ভরযোগ্য। তবে ইবনু মানদাহ বলেন: জা'ফর ইবনু আবীল মুগীরাহ সাঈদ ইবনু জুবাইর হতে হাদীস বর্ণনার ক্ষেত্রে শক্তিশালী নয়।



তাখরীজ: রমহরমুযী, আল মুহাদ্দিসুল ফাসিল নং ৭২৯।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু যুবায়র (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন